# জানুয়ারি/২০১৯ মাসের দিনাজপুর সদর উপজেলার এনজিও কর্ম তৎপরতা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর।

সভার তারিখ ঃ ২২/০১/২০১৯ খ্রিঃ।
সময় ঃ ১১.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক'- তে সন্নিবেশিত হল ঃ

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্য-বিবরণী সভায় পাঠ করে শুনানো হয়।

আলোচনা ঃ সভাপতির অনুমতিক্রমে ব্র্যাক, দিনাজপুর সংস্থা মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে সংস্থার পরিচিতি ও দিনাজপুর সদর উপজেলায় তাদের কর্ম পরিচালনার সংক্ষিপ্ত বিবরণ উপস্থাপন করেন। অত:পর গত মাসের প্রতিবেদন পরবর্তী মাসের ১ হতে ৭ তারিখের মধ্যে দাখিলের বিষয় আলোচনা হয়।

## নিম্নে দিনাজপুর সদর উপজেলার এনজিও সমূহের জানুয়ারি/২০১৯ মাসের মাসিক প্রতিবেদন বাস্তবায়িত প্রকল্পের তথ্যাবলী প্রদত্ত হলোঃ

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| মেরী স্টোপস ক্লিনিক | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br>(২) নিরাপদ এমআর করণ | বিবেচ্য মাসে প্রসবকালীন স্বাস্থ্য সেবা দেওয়া হয় ১৬৪ জনকে এবং যৌন সংক্রমন চিকিৎসা সেবা দেওয়া হয় ১৫৬ জনকে।<br>বিবেচ্য মাসে ১১২ জনকে নিরাপদ এমআর সেবা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| নুরমিশন বাংলাদেশ | (১) নলকুপ স্থাপন<br>(২) শিক্ষা কার্যক্রম | বরাদ্দ না আসায় বিবেচ্য মাসে কার্যক্রম ছিল না।<br>বিবেচ্য মাসে উচ্চ শিক্ষা সহায়তা প্রদান ও নার্সিং/বিডিএস সহায়তা প্রদান কোয়াটারলী ভিত্তিতে বাস্তবায়ন করা হয়। | দিনাজপুর সদর। | |
| সিডিএ | ❖ কৃষি ও পরিবেশ এবং অন্যান্য কার্যক্রম | বিবেচ্য মাসে দিনাজপুর সদর উপজেলায় সাধারন সভা-১৫টি, নির্বাহী সভা-২০টি, সমিতিরি সাপ্তাহিক সভা-৫০টি, কৃষি খাস জমি বন্দোবস্তের আবেদন জমা হয়েছে-০৫টি, বৃক্ষ রোপন- ০টি, কম্পোষ্ট পীট প্লট তৈরী- ১৫। | দিনাজপুর সদর | |
| দি লেপ্রসী মিশন বাংলাদেশ | (১) স্যানিটেশন কার্যক্রম<br>(২) প্রতিবন্ধী কার্যক্রম<br>(৩) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br>(৪) প্রশিক্ষণ কার্যক্রম | বিবেচ্য মাসে স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারে সদস্যদের বিভিন্ন মুখী কর্মের মাধ্যমে উদ্বুদ্ধ করা হয়।<br>বিবেচ্য মাসে কুষ্ঠ ও অন্যান্য শারিরীক প্রতিবন্ধীদের নিয়ে দল গঠন করণ কার্যক্রম চলমান রয়েছে মোট ২৬ টি দল চলমান আছে। যার সদস্য সংখ্যা ২৭১ জন।<br>বিবেচ্য মাসে ২০ জন নতুন সন্দেহভাজন রোগী হাসপাতালে প্রেরণ করা হয় এবং তাদের মধ্যে ০৩ জন কুষ্ঠ রোগী সনাক্ত করা হয়।<br>বিবেচ্য মাসে প্রতিবন্ধী সদস্য ও তাদের পরিবারের সদস্যদের সমাজ ভিত্তিক কারিগরী প্রশিক্ষনের মাধ্যমে জীবন জীবিকার মান উন্নয়ন সহায়তাকরণ সর্ম্পকে অবহিত করা হয়। | দিনাজপুর সদর উপজেলা | |
| অরবিন্দ শিশু হাসপাতাল | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে বহিঃ বিভাগে ২,৩৮৯ জনকে সেবা দেওয়া হয় এবং আন্তঃ বিভাগে ৮৯২ জনকে স্বাস্থ্য সেবা দেওয়া হয়। | দিনাজপুর | |

| | | | | |
|---|---|---|---|---|
| সনাক | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br><br>(২) প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা<br><br>(৩) প্রশিক্ষণ কার্যক্রম | জেলা স্বাস্থ্য বিভাগের সহযোগীতায় উপজেলা স্বাস্থ্য কেন্দ্রগুলোতে স্বচ্ছতা, জবাবদিহিতা বৃদ্ধি ও জনবান্ধব স্বাস্থ্যসেবা নিশ্চিত করনীয় শির্ষক অধিপরামর্শ সভা ২১ জানু: ২০১৯ দিনাজপুর জেনারেল হাসপাতাল সভাকক্ষে অনুষ্ঠিত হয়।<br><br>পানি উন্নয়ন বোর্ড কর্তৃক জলবায়ু অর্থায়নের কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষে কাঁকরা নদী তীর রক্ষনাবেক্ষণ প্রকল্পের কাজ সঠিকভাবে পর্যবেক্ষণের লক্ষে সমাজকল্যান ও দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে ১৬ জানু: ২০১৯ তারিখে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।<br><br>সনাক এর ইয়েস ও ইয়েস ফ্রেন্ডস সদস্যদের দক্ষতা ও জ্ঞানের পরিধি বৃদ্ধি ও তথ্য অধিকার আইন সম্পর্কে পর্যাপ্ত ধারনা প্রদানের লক্ষে ২৩ জানু: ২০১৯ সনাক অফিসে তথ্য অধিকার আইন ও এর ব্যবহার বিষয়ে এক ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। | দিনাজপুর সদর | |
| মশীহপাড়া চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২২৫ | (১) সামাজিক শিক্ষা কার্যক্রম<br><br>(২) জাতীয় শিক্ষা কার্যক্রম<br><br>(৩) বাড়ি পরিদর্শন | বয়স অনুযায়ী শিশুদের সামাজিক সচেতনতা শিক্ষা প্রদান করা হয়েছে।<br>৬-৮ বছরে= ক) ব্যক্তিগত আচরণ, খ) একজন প্রকৃত ও বিশ্বস্ত বন্ধু হওয়া, গ) বন্ধুদের উৎসাহ দেওয়া।<br>৯-১১ বছর= ক) ব্যক্তিগত আচরণ, খ) একজন প্রকৃত ও বিশ্বস্ত বন্ধু হওয়া, গ) বন্ধুদের উৎসাহ দেওয়া।<br>১৬০ জন শিশু দিনাজপুরের বিভিন্ন প্রাইমারী স্কুল, কিন্ডার গার্টেন, হাই স্কুলে ও কলেজে লেখাপড়া করছে। সপ্তাহের ৫দিন ২ঘন্টা ৩ জন স্পেশালিস্ট শিক্ষকের মাধ্যমে ৮ম- দ্বাদশ শ্রেনী পর্যন্ত স্পেশাল শিক্ষা প্রদান করা হচ্ছে।<br>চলতি মাসে প্রকল্পের ৩১ টি শিশুর বাড়ি পরিদর্শনে যাওয়া হয়। এবারের মূল বিষয় ছিল শিশুর স্কুলে নতুন ভর্তি, উপস্থিতি, অভিভাবক সমাবেশ ও বাল্য বিবাহ বিষয়ে গুরুত্বারোপ। | দিনাজপুর সদর। | |
| আমইর চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২৪৫ | (১) শিক্ষা কার্যক্রম<br><br>(২) পুষ্টিকর খাবার প্রদান<br><br>(৩) সংস্কৃতিক কার্যক্রম | ১৯২ জন শিশু দিনাজপুরের মোট ৮টি স্কুলে পড়াশুনা করছে। ৫ জন শিক্ষকের মাধ্যমে সকালে ও বিকালে কোচিং ক্লাশ করানো হয়।<br>১৯২জন শিশুকে ৩ দিন খাবার তালিকা অনুযায়ী ভাত, ডিম, মাছ, মাংশ, ডাল ও ফল খাওয়ানো হয়।<br><br>৫৬ জন শিশুকে সপ্তাহে ৩ (তিন) দিন নাচ ও গান শিখানো হয়। | দিনাজপুর সদর। | |
| এনডিএফ | (১) শিক্ষা সাপোর্ট কার্যক্রম<br><br>(২) স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ | ১জন অটোমেটিভ এবং ২য় জন মেশিনিস্ট ট্রেডে টাঙ্গাইলে সোসাইটি ফর সোস্যাল সার্ভিস (এসএসএস) কারিগরিতে ১ বছর মেয়াদি প্রশিক্ষণ গ্রহণ করেছে।<br><br>ওয়ার্ল্ড ভিশন কর্তৃক আয়োজিত স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষনে ৫২জন নারী অংশগ্রহণকারী ছিলেন। | দিনাজপুর সদর | |
| ওয়াইডাব্লিউসিএ | ১। শিক্ষা কার্যক্রম<br><br>২। ঋণ কার্যক্রম | নার্সারী ও ফ্রি স্কুলের নতুন ছাত্র-ছাত্রী ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ৩৫ জনকে ৫,৭৯,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। এমাসে ঋণ আদায় করা হয় ৩,৮৬,৪৬২/- টাকা। সঞ্চয় আদায় হয় ৪৫,৯৫৩/- টাকা। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদেয়ের অনুরোধ করা হলো। |

| | | | | |
|---|---|---|---|---|
| এমকেপি | ❖ সমিতি সভা, ফোরম সভা ও যোগাযোগ বৃদ্ধি | বিবেচ্য মাসে ৩০টি দলে উঠান বৈঠকের মাধ্যমে নারী-পুরুষের মধ্যে সমতা উন্নয়ন, সিদ্ধান্ত গ্রহন, নারী নির্যাতন প্রতিরোধ, নারীর ক্ষমতায়ন, বাড়ীর আশেপাশের জমিতে সবজি চাষ এবং মাদকাসক্তির কুফল বিষয়ে আলোচনা করা হয়। | দিনাজপুর সদর। | |
| সোসাইটি ফর উদ্যোগ | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম<br><br>(৩) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে ১৫৬ জনকে ৫১,২৮০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। এ মাসে ঋণ আদায় করা হয় ৩৪,০০,৮৯১/- টাকা, সঞ্চয় আদায় করা হয় ৩,১৬,৫৫৯/- টাকা এবং সঞ্চয় ফেরত প্রদান করা হয় ১,৯৮,৩১৮/- টাকা।<br><br>১ নং চেহেলগাজী ইউনিয়নের বড়ইল গ্রামে রোকেয়ার বাড়ীতে ২৬ জন ছাত্র/ছাত্রী নিয়ে প্রাক প্রাথমিক বিদ্যালয় চলমান রয়েছে।<br>বিবেচ্য মাসে নশিপুর নদিয়া পাড়ায় ২৫ জন কৃষককে চলতি মৌসুমে আলু ও ভুট্টা এবং বোরো ধান আদর্শ বীজ তলায় বপন ও লাইনে রোপন এবং মাটি পরীক্ষা করে পরিমিত রাসায়নিক প্রয়োগ করার পরামর্শ প্রদান করা হয়। পাখি বসার জন্য ডার বা কঞ্চি বোরো ধানের জমিতে স্থাপন করার জন্য পরামর্শ দেওয়া হয়। | পৌরসভা ১ নং ও ৪নং ইউপি, | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| পিএসটিসি | ❖ হেলথ কার্যক্রম | বিবেচ্য মাসে এইচআইভ/এইডস বিষয়ে জ্ঞান বৃদ্ধির জন্য সমাজের ঝুকিপূর্ণ তরুনদের সমাজিক সংহতি শেখার জন্য উঠান বৈঠক সম্পন্ন হয়েছে ১৮টি। অংশগ্রহণকারী পুরুষ-২২০জন, মহিলা-১৪০ জন।<br>এছাড়া বিবেচ্য মাসে সরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানে রোগী রেফার করা হয়েছে মোট-৮৭ জন। পুরুষ-৩১জন, নারী- ৫৬ জন। | দিনাজপুর সদর | |
| ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, নর্দান বাংলাদেশ রিজিওনাল ইন্টিগ্রেটেডক মিউনিটি ডেভেলপমেন ট প্রকল্প | (১) স্বাস্থ্য, পুষ্টি, নিরাপদ পানি ও পয়: নিষ্কাশনকর্মসুচী<br><br>(২) জীবিকায়ন ও অর্থনৈতিক উন্নয়ন কর্মসুচী | ➢ পুষ্টি কর্ম সূচি (শিশুর ওজন পরিমাপের মাধ্যমে শিশুর পুষ্ট মান নির্নয় ও শিশুর মাকে নিয়ে সচেতনতা/ অভ্যাস পরিবর্তনের জন্য সেশন) -৪২৭০জন (শিশু)<br>➢ শিশুর পুষ্ট কর্মসূচীর আওতায় জনসচেতনতা বৃদ্ধির জন্য মিটিং-অংশগ্রহনকারী ৩৬১ জন।<br>➢ খাদ্যাভাস পরিবর্তনের জন্য মায়েদের সাথে সেশন-অংশগ্রহনকারী ৮৬৪ জন।<br>➢ শিশুর জন্য পুষ্টি কার্যক্রমের আওতায় হার্থ সেশন-অংশগ্রহনকারী শিশু ১৪৭জন।<br>➢ মা ও শিশুর জন্য স্বাস্থ্য ও পুষ্টি কার্যক্রমের আওতায় সহায়ক দলের সাথে মিটিং- অংশগ্রহনকারী ৩৬৩ জন।<br>➢ নিরাপদ মাতৃত্ব বিষয়ে ৯০ মাকে নিয়ে সচেতনতামূলক সেশন পরিচালনা।<br><br>➢ আত্ম কর্মসংস্থান বৃদ্ধির জন্য গবাদি পশু পালনের উপর ১২৪ জন হত দরিদ্র পরিবারের সদস্যের প্রশিক্ষণ প্রদান।<br>➢ আত্ন-কর্মসংস্থান বিয়য়ক কাযক্রম পরিচালনার জন্য ১১ সহায়তাকারীদের পারিশ্রমিক প্রদান। | পৌরসভা, আউলিয়াপুর চেহেলগাজী ও শেখপুরা ইউনিয়ন | |
| বিএসডিএ | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্রঋণ দেওয়া হয় ৯,৩৫,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ৩,৫০,০০০/- টাকা। (কত জনের মধ্যে ঋণের টাকা বিতরণ করা হয় তা উল্লেখ করা হয়নি)<br><br>বর্তমানে বিএসডিএ-ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ৯০টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ২৬৫০জন। ৫২ জন শিক্ষিকাকে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ৫৫টি অভিভাবক সভা করা হয়েছে। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |

| | | | | |
|---|---|---|---|---|
| এসবিও | (১) বৃক্ষরোপন কর্মসূচী<br><br>(২) বস্তি উন্নয়ন প্রকল্প | বিবেচ্য মাসে বৃক্ষরোপন কর্মসূচীর পরিচর্যার কাজ চলমান রয়েছে।<br><br>বিবেচ্য মাসে বস্তি বাসিদের নিয়ে ২টি মিটিং করা হয়। বিগত ২ বছর মেয়াদি কমিটির মেয়াদ শেষ, তাই নতুন কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | দিনাজপুর সদর | |
| গণ উন্নয়ন কেন্দ্র | ❖ ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে কৃষিখাতে ফসল উৎপাদনে ২০ জনকে ৭৫৩০০০/- টাকা, প্রাণি সম্পদের জন্য ২০ জনকে ৫০০০০০/- টাকা, মৎস চাষে ৩ জনকে ৪৭০০০/- টাকা এবং ব্যবসা খাতে ৫ জনকে ৫০০০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| গাওসুল আযম আই হসপিটাল | (১) আই কেয়ার সাপোর্ট<br><br>(২) কাতার ক্রিয়েটিং ভিশন | বিবেচ্য মাসে চক্ষু শিবির ক্যাম্প করা হয় ৬টি, ক্যাম্পে ৪৭৯৪ জন চক্ষু রোগীর চোখ পরীক্ষা করা হয় এবং ৩৩৪ জন রোগীর চোখ অপারেশন করা হয়। এছাড়া পিইসিতে ১৯১৯ জন রোগীর চক্ষু পরীক্ষা করা হয় এবং ২০ জন রোগীর চক্ষু অপারেশন করা হয়। ১৭৬ দরিদ্র রোগীদের বিনামূলে চক্ষু সেবা প্রদান করা হয়।<br>বিবেচ্য মাসে ২,২৮৩ শিশুর চোখ স্ক্রীনিং, ৩৮০ শিশুর গ্লাস প্রেসক্রাইবড, ৮০ জন শিশুর হাসপাতাল/ভিশন সেন্টার থেকে গ্লাস প্রোভাইড এবং ৬ জন দরিদ্র শিশুর চক্ষু সেবা সংক্রান্ত আর্থিক সহায়তা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| অনন্যা সংস্থা | ❖ প্রতিবন্ধী কার্যক্রম<br><br>❖ শিশু সুরক্ষা ও তামাক বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে ০৮ জন প্রতিবন্ধীকে ব্যায়াম পরামর্শ দেওয়া হয় ও ২ টি সচেতনতা সভা করা হয়।<br><br>বিবেচ্য মাসে বাল্য বিবাহ রোধ বিষয়ে ২টি সচেতনতা সভা করা হয় এবং তামাক বিরোধী ২টি সচেতনতা সভা করা হয়। | দিনাজপুর সদর | |
| কারিতাস | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) কুষ্ঠ রোগ সংক্রান্ত কার্যক্রম | বিবেচ্য মাসে কারিতাস মাইক্রো ফাইন্যান্স প্রোগ্রামের মাধ্যমে দিনাজপুর সদর উপজেলায় সদস্য ভর্তি করা হয়েছে ১২০ জন সদস্য পদ প্রত্যাহার ৮০ জন ও সঞ্চয় আদায় ১৯,৩৫,২০২/- টাকা বিতরণকৃত ঋণের পরিমাণ ১,৮৭,৪৫,০০০/- টাকা।<br>বিবেচ্য মাসে সদর উপজেলায় কারিতাস বাংলাদেশ এর সহায়তায় কুষ্ঠ রোগীদেরকে কুষ্ঠ চিকিৎসা দেওয়ার কার্যক্রম চলমান রয়েছে। | দিনাজপুর সদর উপজেলা | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| অনুঘটক | (১) বনায়ন কার্যক্রম<br><br>(২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে পরিবেশ বান্ধব নার্সারী করা হয় ০৫ টি।<br><br>বিবেচ্য মাসে মাদকজাত দ্রব্য জনসচেতনতা সভা করা হয় ০১টি। | দিনাজপুর সদর | |
| পল্লীশ্রী | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) বাল্য বিবাহ রোধ কার্যক্রম<br><br>(৩) সভা কার্যক্রম | বিবেচ্য মাসে ৬,৯৯৭,০০০/- টাকা ঋণ বিতরণ ও ৬,৮৩৫,৫৬১/- টাকা ঋণ আদায় করা হয়।<br>বিবেচ্য মাসে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধের বিষয় নিয়ে আলোচনা করায় ৮৭ জন সদস্যের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাওয়ায় ৬৫ জন যুব সদস্য বাল্য বিবাহ করবে না বলে অঙ্গিকার করেছে।<br>বিবেচ্য মাসে নারী ক্লাবে ০৪টি সভা হয়েছে। সভার আলোচ্য বিষয়: ১৬ দিবসীয় ক্যাম্পেইন<br>এছাড়া আদর্শগ্রমে ০৪টি ও সিবিওতে ০৪টি মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| এমবিএসকে | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে আয় বর্ধনমূলক খাতে .৫৮ কোটি টাকা, জীবনযাত্রার মানোন্নয়ন খাতে ১.৭ কোটি টাকা ও সম্পদ সৃষ্টি খাতে ০.৮৬ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>৫ নং শশরা ইউনিয়নের ৬৬৪২টি খানার মধ্যে ২৮০০০ জন উপকারভোগী রয়েছেন। উক্ত ইউনিয়নে ১০০% স্বাস্থ্যসেবা | দিনাজপুর সদর ও ৫ নং শশরা ইউপি | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নিশ্চিত করণের লক্ষ্যে ০২জন এমবিবিএস ডাক্তার, ০২ জন প্যারামেডিকেল ডাক্তার এবং ১৪ জন স্বাস্থ্য সহকারীর মাধ্যমে প্রতিনিয়নত স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে। | | আদায়ের অনুরোধ করা হলো। |
| | (৩) শিক্ষা কার্যক্রম প্রশিক্ষণ সহ | ৫ নং শশরা ইউনিয়নের ১৯ টি গ্রামে ৫১ টি বিদ্যালয়ে ৫১ জন শিক্ষাকার মাধ্যমে মোট ১১৩৫ জন ছাত্র ছাত্রীকে শিক্ষা প্রদান করা হচ্ছে। | | |
| | (৪) স্যানিটেশন কার্যক্রম | ডিসেম্বর/২০১৮ মাস পর্যন্ত ২৬৬১ জন লক্ষ্যভুক্ত সদস্যের মাঝে ২,৬৬,১০,০০০/- টাকা ঋণ বিতরণের মাধ্যমে বিভিন্ন ক্যাটাগরীরর ২৬৬১ টি ল্যাট্রিন স্থাপন করা হয়েছে। | | |
| | (৩) প্রবীন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন | প্রবীন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় চলতি মাসে ৭৯ জন অসহায় শারীরীকভাবে প্রতিবন্ধী প্রবীন ব্যক্তিকে ৫৫০ টাকা করে বয়স্ক ভাতা প্রদান করা হয়। এ পর্যন্ত ৩৮০০০০ টাকা বয়স্ক ভাতা প্রদান করা হয়। | | |
| ❖ অন্যান্য/বিবিধ | | যেসকল সংস্থা মাসিক প্রতিবেদন জমা দেন নাই তাদের কে আগামী মাস হতে বিনা ব্যর্থতায় প্রতিবেদন জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।<br><br>উল্লেখযোগ্য সংস্থাগুলো হলো- সিডিডি, টিএমএসএস, এসএমএনবি, এমএনডিএফ, ব্র্যাক, , পল্লী বন্ধু, ইএসডিও, নারীর জন্য নারী, অন্বেষন, ঝানজিরা সমাজ কল্যাণ সংস্থা ইত্যাদি। | | |
| ❖ যে সকল সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | | সোসাইটি ফর উদ্যোগ, নুরমিশন বাংলাদেশ, অরবিন্দু শিশু হসপিটাল, কাঞ্চন, এসইউপিকে, জেএসকেএস, প্রত্যাশা, সিডিডি, উত্তরণ, এসএমএনবি, এফপিএবি ইত্যাদি সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | | |

## আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তসমূহঃ

১। প্রতিটি সংস্থা তাদের প্রতিবেদনে সুনিদিষ্টভাবে গৃহীত কার্যক্রম দাখিল করবেন এবং প্রতিটি সংস্থাকে প্রতি মাসের ১ হতে তারিখ থেকে ৭ তারিখের মধ্যে মাসিক সভায় কার্যবিবরনীর ছক মোতাবেক মাসিক প্রতিবেদন জমা দেওয়ার জন্য সিদ্ধার্ন্ত গৃহিত হয়। প্রতিটি এনজিওকে প্রকল্প শুরুর প্রাক্কালে এফ ডি-৬ এর কপি উপজেলা সমাজসেবা অফিসারে এর নিকট জমা দেওয়ার সিদ্ধার্ন্ত গৃহিত হয় এবং প্রকল্প চলাকালে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিকে সক্রিয়ভাবে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সিদ্ধার্ন্ত সভায় গৃহীত হয়।

২। সকল এনজিও/সংস্থা কর্তৃক প্রদেয় স্যানিটেশনসহ সকল সুবিধা প্রদানের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের অনুমতিক্রমে এলাকা নির্বাচনের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।

৩। যে সকল এনজিও কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানে ল্যাট্রিন প্রদানের ব্যবস্থা গ্রহণ করে থাকেন তাঁদের ল্যাট্রিন প্রদানের একটি তালিকা জনস্বাস্থ্য প্রকৌশলীকে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। অত্র উপজেলার ভিক্ষুক পুর্নবাসনের জন্য ভিক্ষুকের তালিকা মাসিক প্রতিবেদনে এনজিও প্রতিনিধিগন দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহীত হয়।

৫। সভার কার্যবিবরনীর ছক অনুযায়ী মাসিক প্রতিবেদন প্রদান করার জন্য উপস্থিত সকল এনজিওকে অনুরোধ করা হলো।

৬। চলমান শীত মৌসুমে শীত বস্ত্র বিতরণের ক্ষেত্রে প্রশাসনকে সম্পৃক্ত করার জন্য ও বিতরণের তালিকা ইউএনও অফিস, দিনাজপুর সদর, দিনাজপুর এবং উপজেলা সমাজসেবা অফিস, দিনাজপুর সদর, দিনাজপুরকে প্রদানের জন্য সকল এনজিও প্রতিনিধিকে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন অন্তে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
দিনাজপুর সদর, দিনাজপুর।
ফোন নং: ০৫৩১-৬৫১২২
E-mail: unodinajpur@mopa.gov.bd

## পরিশিষ্ট - 'ক'

উপস্থিত সদস্যদের নাম ও পদবী (স্বাক্ষরের ক্রমানুসারে)

১। জনাব মোঃ আসাদুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার, দিনজাপুর সদর, দিনজপুর "

২। জনাব মোঃ আনোয়ারুল ইসলাম বাবলু, নির্বাহী পরিচালক, অনুঘটক ডেরগানী-২, রামনগর, দিনাজপুর "

৩। জনাব মোঃ শাহীনুর ইসলাম, প্রোগ্রাম সমন্বয়কারী, এফপিএবি, ঘাসিপাড়া, দিনাজপুর "

৪। জনাব নেভিল ইজেরাদার, কম্পেশন ইন্টার ন্যাশনাল ম্যানেজার, আমইর বিডি-২৪৫ "

৫। জনাব এডিসন বিশ্বাস, সমাজকর্মী, আমইর সিডিএসপি, বিডি ০২৪৫ "

৬। জনাব সেবাষ্টিয়ান হেম্ব্রম, লিগ্যাল প্রমোটর, এনডিএফ, ডাঙ্গাপাড়া, সদর, দিনাজপুর। "

৭। জনাব আব্দুর রাজ্জাক, শাখা ব্যবস্থাপক, বুরো বাংলাদেশ, সদর, দিনাজপুর "

৮। জনাব রবিন মুরমু, সিডিএফ, লেপ্রসি মিশন বাংলাদেশ সদর, দিনাজপুর "

৯। জনাব মোঃ ইয়াসিন আলী, জেলা সমন্বয়কারী, মানব কল্যাণ পরিষদ-এমকেপি, বালুবাড়ী, দিনাজপুর "

১০। জনাব মোঃ রাশেদুল ইসলাম, ব্রাঞ্চ ম্যানেজার, এসকেএফ ফাউন্ডেশন, সদর, দিনাজপুর "

১১। জনাব রাবেয়া খাতুন, হিসাব রক্ষক, অনন্যা সংস্থা, দিনাজপুর সদর, দিনাজপুর "

১২। জনাব মোঃ হামিদুর রহমান, সিনিয়র আউটরিচ....., গাওসুল আযম আই হসপিটাল, দিনাজপুর। "

১৩। জনাব পুলিন চন্দ্র রায়, প্রোগ্রাম সমন্বয়কারী, নিরাপদ বাংলাদেশ সংস্থা, সদর, দিনাজপুর। "

১৪। জনাব জাকিয়া সুলতানা, সার্বিস প্রোমটোর, মেরী স্টোপস ক্লিনিক, নিউটাউন-১, দিনাজপুর "

১৫। জনাব মোঃ আলাউদ্দিন, মাঠ কর্মকর্তা, কারিতাস, সদর, দিনাজপুর "

১৬। জনাব উজ্জল কুমার সরকার, এ্যাসিস্ট্যান্ট ম্যানেজার ফাইন্যান্স, সনাক-টিআইবি, উত্তর বালুবাড়ী, দিনাজপুর "

১৭। জনাব স্বপ্না সুবর্না তপ্ন, জেনারেল সেক্রেটারী, ওয়াইডাব্লিউসিএ, বড়পুল, পুলহাট, দিনাজপুর "

১৮। জনাব নাজমা বেগম, আঞ্চলিক সমন্বয়কারী, কমিউনিটি ডেভেলপমেন্ট এসোসিয়েশন, সদর, দিনাজপুর "

১৯। জনাব মোঃ দুলাল হোসেন, সাব এগ্রিকালচার ডেভেলোপমেন্ট অফিসার, সোসাইটি ফর উদ্যোগ, ঘাসিপাড়া, দিনাজপুর"

২০। জনাব মোঃ মামনুর রহমান, এফএম, পিএসটিসি, শেখপুরা, বালুবাড়ী, দিনাজপুর "

২১। জনাব রওনক আরা হক, প্রজেক্ট অফিসার, পল্লীশ্রী, বালুবাড়ী, দিনাজপুর "

২২। জনাব মোঃ আব্দুর রশিদ, বিএম/শাখা ব্যবস্থাপক, টিএমএসএস, নিউটাউন, সদর, দিনাজপুর "

২৩। জনাব বার্নাড কুজুর, প্রোগ্রাম অফিসার, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, দিনাজপুর সদর, দিনাজপুর "

২৪। জনাব আয়েশা বেগম, নির্বাহী পরিচালক, নারীর জন্য নারী, ইসলামবাগ, সদর, দিনাজপুর। "

২৫। জনাব মোঃ আবুল কালাম আজাদ, কর্মসূচি সংগঠক, ব্র্যাক, দিনাজপুর "

২৬। জনাব ডিএসএম জিল্লুর রহমান, নির্বাহী পরিচালক, বিবিডিএস, বড়পুল, সদর, দিনাজপুর। "

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
দিনজাপুর সদর, দিনাজপুর।

স্মারক নং-৪১.০১.২৭৬৪.০০০.০৫.০০৫.২০১৯. ৩৫ তারিখ ঃ ২৬ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। চেয়রম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

৪। উপজেলা.........................কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর।
৫। চেয়ারম্যান ,..................নং .............ইউপি সকল দিনাজপুর, দিনাজপুর।
৬। জনাব.....................................এনজিও প্রতিনিধি দিনাজপুর সদর, দিনাজপুর।

মোঃ আসাদুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার
দিনাজপুর সদর,দিনাজপুর